

# যুগান্তর

## ইসলামী বিশ্ববিদ্যালয়: ক্যাম্পাস থেকে ছাত্রলীগ সভাপতিকে বের করে দিল বিদ্রোহী গ্রুপ

প্রকাশ : ১৩ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ইবি প্রতিনিধি



ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি রবিউল ইসলাম পলাশকে লাঞ্ছিত করে ক্যাম্পাস থেকে তাড়িয়ে দিয়েছে বিদ্রোহী গ্রুপ। শনিবার দুপুর পৌনে ১২টার দিকে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী কয়েকজন জানান, পূজার ছুটি শেষে শনিবার বিশ্ববিদ্যালয় খোলে। এদিন বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রলীগ সভাপতি রবিউল ইসলাম পলাশ ক্যাম্পাসে আসেন এবং সংগঠনের টেন্টে অবস্থান নিয়ে কর্মী-সমর্থকদের সঙ্গে কুশল বিনিময় করেন। কিছুক্ষণ পরই বিদ্রোহী গ্রুপের নেতা বিপুল খান ও শাহজালাল হোসেন সোহাগ সমর্থকদের নিয়ে সেখানে উপস্থিত হয়ে সভাপতি পলাশকে টেন্ট থেকে চলে যেতে বলেন।

পলাশকে অসম্মানজনক কথাও বলেন বিদ্রোহীরা। এমন পরিস্থিতিতে পলাশ কিছু না বলেই টেন্ট ত্যাগ করেন। এরপরই বিক্ষোভ মিছিল বের করেন বিদ্রোহীরা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক হয়ে আবার টেন্টে ফিরে আসে। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, ‘আমরা পলাশ-রা কিবকে আগেই ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছি। কারণ দুর্নীতিবাজদের এ ক্যাম্পাসে ঠাঁই হবে না।’

সমাবেশ শেষে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বুয়েট ছাত্র ‘আবরার ফাহাদ হত্যার বিচার হবেই’ শীর্ষক লিফলেট বিতরণ করেন বিদ্রোহী গ্রুপের নেতাকর্মীরা। সাবেক ছাত্র বিষয়ক সম্পাদক মিজানুর রহমান লালন ও সাবেক সহ-সম্পাদক ফয়সাল সিদ্দিকী আরাফাতের নেতৃত্বে ক্যাম্পাসে শিক্ষার্থীদের মাঝে লিফলেট বিতরণ করেন তারা।

হলে টর্চার সেল থাকলে ১ ঘণ্টার মধ্যে ব্যবস্থা -ভিসি : ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হলে টর্চার সেল জাতীয় কোনো কিছুর অস্তিত্ব থাকবে না। থাকলে ১ ঘণ্টার মধ্যে ব্যবস্থা নেয়া হবে। এ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নিরাপত্তার অভয়ারণ্য হবে। শনিবার ইবি প্রেস ক্লাব নেতাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে ভিসি প্রফেসর ড. রাশিদ আসকারী একথা বলেন। ভিসি বলেন, ‘হল ও বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তায় জোরালো নীতিমালা গ্রহণ করা হবে। আবাসিক হলে মেধার ভিত্তিতে সিট বন্টনের পাশাপাশি অছাত্র ও বহিরাগতদের ক্যাম্পাসে প্রবেশ ঠেকাতে কঠোর ব্যবস্থা নেয়া হবে।’

এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ছাত্রলীগ বা যে কোনো সংগঠনই হোক যারা বিশ্ববিদ্যালয়ে নৈরাজ্য এবং অস্থিরতা সৃষ্টি করবে তাদের অপরাধী হিসেবেই গণ্য করা হবে। কোনো রাজনৈতিক কাঠামো দিয়ে তাদের বাঁচানোর সুযোগ নেই।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।